# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৬

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ সৎকর্মশীল ব্যক্তিদের মহান আল্লাহ সৎকাজে নিয়োজিত করেন

## ذِكْرُ الْإِخْبَارِ عَنِ اسْتِعْمَالِ اللَّهِ جَلَّ وَعَلَا أَهْلَ الطَّاعَةِ بِطَاعَتِهِ

আরবী

أَخْبَرَنَا الصُّوفِيُّ بِبَغْدَادَ حَدَّثَنَا الْهَيْثَمُ بْنُ خَارِجَةَ حَدَّثَنَا الْجَرَّاحُ بْنُ مَلِيحٍ الْبَهْرَانِيُّ قَالَ: سَمِعْتُ بَكْرَ بْنَ زُرْعَةَ الْخَوْلَانِيَّ قَالَ: سَمِعْتُ أَبَا عِنَبَةَ الْخَوْلَانِيَّ ـ وَهُوَ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِمَّنْ صَلَّى لِلْقِبْلَتَيْنِ كِلْتَيْهِمَا وَأَكَلَ الدَّمَ فِي الْجَاهِلِيَّةِ ـ يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (لَا يَزَالُ اللَّهُ يَغْرِسُ فِي هَذَا الدِّينِ بِغرسٍ يُغرسُ يستعمِلُهُم في طاعتِهِ.)
الراوي : أَبُو عِنَبَةَ الْخَوْلَانِيَّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 326 | خلاصة حكم المحدث: حسن.

বাংলা

৩২৬. আবু ‘ইনাবাহ আল খাওলানী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, -তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর একজন সাহাবী ছিলেন, যিনি উভয় কিবলায় সালাত আদায় করেছিলেন এবং জাহেলী যুগে রক্ত খেয়েছিলেন।– তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: “মহান আল্লাহ অব্যাহতভাবে এই দ্বীনে এমন লোক সৃষ্টি করবেন, যাদেরকে তিনি তাঁর আনুগত্যের কাজে ব্যবহার করবেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/২০০; ইমাম বুখারী, আত তারীখুল কাবীর: ৯/৬১; ইবনু মাজাহ: ৮; ইবনু আদী, আয যু‘আফা: ২/৫৮৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আস সহীহাহ: ২৪৪২)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবু ‘ইনাবাহ আল খাওলানী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88625

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন